গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, আলমপুর, সিলেট
বিভাগীয় সদর দপ্তর, ভবন নং-০২ (৩য় তলা)।
Web:bkkb.sylhetdiv.gov.bd

বিষয়: স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আজমল হোসেন
পরিচালক
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।

তারিখ : ৩১-০৩-২০২৪খ্রি.
সময় : সকাল ১১.০০ টা
সভার স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' ।

সভার সভাপতি উপস্থিত সকল কর্মকর্তা/কর্মচারীগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি 'স্মার্ট বাংলাদেশ' প্রতিষ্ঠার গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন, ১২ই ডিসেম্বর ২০২২ সালে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের (বিআইসিসি) অনুষ্ঠানে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২২ উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সর্বপ্রথম 'স্মার্ট বাংলাদেশ' গড়ার প্রত্যয় ব্যক্ত করেন। সেই থেকে আমাদের স্বপ্ন ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ।

সভায় নিম্নে বর্ণিত আলোচনা হয়:

১. স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ভিত্তি মোট ০৪ (চার) টি। (১) স্মার্ট নাগরিক, (২) স্মার্ট সরকার, (৩) স্মার্ট সমাজ ও (৪) স্মার্ট অর্থনীতি। এই ০৪টি উপাদানের বাস্তবায়ন নিশ্চিত করতে পারলে অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন এবং ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে।
২. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় তাঁর ভেরিফাইড ফেসবুকে উল্লেখ করেন 'ডিজিটাল বাংলাদেশ' সফল বাস্তবায়নের পর আমাদের লক্ষ্য এবার 'স্মার্ট বাংলাদেশ'। এজন্য তিনি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, রোবটিক্স, মাইক্রোচিপ ডিজাইনিং অ্যান্ড ম্যানুফ্যাকচারিং ও সাইবার সিকিউরিটি এই চারটি প্রযুক্তিতে আমাদের মনোযোগী হতে হবে মর্মে উল্লেখ করেন।
৩. স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত ও উদ্ভাবনী। এককথায় সব কাজই হবে স্মার্ট। যেমন স্মার্ট শহর ও স্মার্ট গ্রাম বাস্তবায়নের জন্য স্মার্ট স্বাস্থ্যসেবা, স্মার্ট পরিবহন, স্মার্ট ইউটিলিটিজ, নগর প্রশাসন, জননিরাপত্তা, কৃষি, ইন্টারনেট সংযোগ ও দুর্যোগ ব্যবস্থাপনা নিশ্চিত করা।

৪. ‘স্মার্ট বাংলাদেশ’ বাস্তবায়ন হলে সকল নাগরিক সেবা পাবে অনলাইনের মাধ্যমে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডকে একটি স্মার্ট অফিস হিসেবে গড়ে তুলতে হবে। এজন্য সকলকে আইসিটি সম্পর্কে পারদর্শি হতে হবে। স্মার্ট অফিস বাস্তবায়নের লক্ষ্যপূরণে যথার্থ জ্ঞান, দক্ষতা এবং যোগ্যতাসম্পন্ন সিভিল সার্ভিস গড়ে তুলতে হবে।

৫. বর্তমান সরকারের লক্ষ্য ২০৪১ সালে বাংলাদেশকে ‘স্মার্ট বাংলাদেশ’ এ রূপান্তর করা। এক্ষেত্রে, ৪র্থ শিল্প বিপ্লবের যুগে যদি ডেমোগ্রাফিক ডিভিডেন্ডকে আমরা সঠিকভাবে ব্যবহার করতে পারি, তাহলে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট এবং স্মার্ট সোসাইটি এই চারটি মূল ভিত্তির ওপর নির্ভর করে আগামী ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা সম্ভব হবে। এজন্য সবাইকে আইসিটি বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

৩১/০৩/২০২৪

(মোঃ আজমল হোসেন)
পরিচালক
ফোন: ০২৯৯৬৬৪৩৪৪৭
directorsyl@bkkb.gov.bd

নম্বর ০৫.৮১.৬০০০.০০৩.২৯.০০৭.২৩-১৩৬/১ (৭)

তারিখ: ১৭ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ
৩১ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
২. সহকারী কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৩. হিসাবরক্ষক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৪. কম্পিউটার অপারেটর, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৫. অফিস কপি।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বিষয়টি মহাপরিচালক মহোদয় কে সদয় অবহিত করণের জন্য)।
২. পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, সিলেট (বিষয়টি পরিচালক মহোদয়কে সদয় অবহিতকরণের জন্য)।

৩১/০৩/২০২৪

(মোঃ আজমল হোসেন)
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
বিভাগীয় কার্যালয়, সিলেট।
Web:bkkb.sylhetdiv.gov.bd

৩১/০৩/২০২৪ খ্রি. রোজ রবিবার সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক সভায় সদস্যদের উপস্থিতি:

| ক্রমিক নং | নাম, পদবী ও অফিস ঠিকানা | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ জুয়েল রানা<br>হিসাবরক্ষণ অফিসার<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৭৩৮১৪৭৮২৭ | ৩১/০৩/২৪ |
| ২. | মোঃ আলমগীর হোসেন<br>সহকারী কল্যাণ অফিসার<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৮৩৩২১৪২৯২ | ৩১/০৩/২৪ |
| ৩. | মোঃ কামাল উদ্দিন<br>হিসাবরক্ষক<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৫৭১৭৩৮৩২৮ | ৩১/০৩/২৪ |
| ৪. | সমীর চন্দ্র দাস<br>কম্পিউটার অপারেটর<br>বা.ক.ক.বো, সিলেট। | ০১৮২৪৫৫৫১০০ | ৩১/০৩/২৪ |

৩১/০৩/২০২৪